ইত্তেফাক

তারিখ ... 9 JAN ৮৩ ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

দৈনিক
ইত্তেফাক

# মাদ্রাসা শিক্ষা বোর্ডে চলছে চরম দুর্নীতি ৷ বিকেন্দ্রীকরণের উদ্যোগ

## ২৪ হাজার শিক্ষায়তনের জন্য পরিদর্শক মাত্র ১ জন

ইত্তেফাক রিপোর্ট ॥ অবিশ্বাস্য হলেও সত্য যে, মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনস্থ সারাদেশের ২৩ হাজার ৯৮৭টি মাদ্রাসার জন্য পরিদর্শক মাত্র একজন। বছরব্যাপী ব্যস্ততার কারণে তাকে বোর্ড অফিসে পাওয়া যায় কম। মাদ্রাসাগুলো সরেজমিনে পরিদর্শন, আবেদন-অভিযোগ যাচাই এবং গ্রেড উন্নীত করণের ক্ষেত্রে পরিদর্শক বিশেষ ভূমিকা পালন করে থাকেন। তার রিপোর্টের ভিত্তিতেই এসব বিষয়ে সিদ্ধান্ত (৫ম পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

হচ্ছে। কিন্তু বোর্ড অফিসে আগত শিক্ষকদের অভিযোগঃ প্রতিটি ফাইলের জন্য ঘাটে ঘাটে পয়সা দিতে হয়। মাদ্রাসা পরিদর্শনে গেলেও পরিদর্শকের 'সমুদয় খরচ' দিতে হচ্ছে মাদ্রাসা কর্তৃপক্ষকে।

বর্তমানে বোর্ডের অধীনে এবতেদায়ী মাদ্রাসার সংখ্যা ১৪ হাজার ৯৮৭ দাখিল মাদ্রাসা ৬ হাজার ৪০২, আলিম মাদ্রাসা ১ হাজার ৩৭৬টি, ফাজিল মাদ্রাসা ১ হাজার ৫০টি এবং কামিল মাদ্রাসার সংখ্যা ১৭২টি। শিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত নিয়েছে মাদ্রাসা বোর্ডকে বিকেন্দ্রীকরণের। এ লক্ষ্যে ৯টি শহরে পৃথক অফিস চালু হচ্ছে। এছাড়া ফাজিল ও কামিলকে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে নেয়া হচ্ছে।

...য়ার সভাপতিত্বে ... অনুষ্ঠিত সভায় ১৯শে ... প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ... উপলক্ষে কর্মসূচী প্রণয়ন ছাড়াও ... পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। ... শ্রেনি ও অঙ্গদলের নেতৃবৃন্দ যোগদান ...।

শহীদ প্রেসিডেন্ট জিয়ার স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে উন্নয়নমূলক কর্মকাণ্ডের দৃষ্টান্ত অনুসরণে দলীয় নেতা-কর্মীদের পরিচালনায় স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে ঢাকা ইসলামপুরে পরিচ্ছন্নতা ও মশক নিধন কর্মসূচী পালন করার সিদ্ধান্ত নেয়া হয়।

### মাদ্রাসা বোর্ডে

(৩য় পৃঃ পর)

হয়। পরিদর্শকের পরিদর্শনের অভাবে দূর-দূরান্ত থেকে ঢাকায় মাদ্রাসা বোর্ডে আগত মাদ্রাসা শিক্ষকরা দারুণ সমস্যায় পড়েন। 'দুর্নীতির আখড়া' বলে পরিচিত মাদ্রাসা বোর্ডে মাঝে কিছুটা দুর্নীতি, অনিয়ম কমলেও এখন অবস্থা আবার সেই আগের মত। বোর্ডের চেয়ারম্যান বলছেন, সন্দেহযুক্ত প্রতিটি কর্মকর্তা-কর্মচারীর নামে জিডি করা আছে। দুর্নীতির অভিযোগ পাওয়া গেলে ব্যবস্থা নেয়া